দৈনিক ইত্তেফাক

তারিখ ... JAN 03 2000 ...
পৃষ্ঠা ১ কলাম ৪ ......

01

## ক্যাম্পাসে মহিলাকে লাঞ্ছিত করার ঘটনা তদন্ত কমিটি গঠন

ইত্তেফাক রিপোর্ট ॥ ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সহস্রাব্দবরণ উৎসবে একজন মহিলাকে লাঞ্ছিত করার ঘটনা তদন্তে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ প্রোভিসি ডঃ শাহাদত আলীকে আহ্বায়ক করিয়া ৩ সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করিয়াছে। কমিটি এই ঘটনায় বিশ্ববিদ্যালয়ের কোন ছাত্র জড়িত আছে (১৫শ পৃষ্ঠার ৬-এর কঃ দ্রঃ)

## তদন্ত কমিটি গঠন প্রথম পৃষ্ঠার পর

এমন প্রমাণ পাইলে তাহার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করিবে। এদিকে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সহস্রাব্দবরণ উৎসবের নামে উচ্ছৃঙ্খলতার নিন্দা জানাইয়াছে বিভিন্ন সংগঠন ও প্রতিষ্ঠান। গণতান্ত্রিক বিপ্লবী জোট, ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্টের এক বিবৃতিতে বলা হয়, এ ধরনের ঘটনা দ্বারা প্রমাণিত হয় সরকার মানুষের জানমালের নিরাপত্তা দানে ব্যর্থ হইয়াছে। ইউএনবি জানায়, ঢাকা মেট্রোপলিটন পুলিশ কমিশনার এ কে এম মাহমুদুদ্দীন গত ৩১শে জানুয়ারী রাতে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে একজন মহিলাকে লাঞ্ছিত করার ঘটনার সহিত জড়িত দুর্বৃত্তদের গ্রেফতারের জন্য পুলিশ বাহিনীকে নির্দেশ দিয়াছেন। তিনি বলেন, ইহা একটি বর্বরোচিত ঘটনা এবং আমরা ইহা বরদাশত করিতে পারি না। কোন অপরাধীই রক্ষা পাইবে না। ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে আইন প্রয়োগকারী সংস্থার সদস্যগণ ঘটনার সময় দর্শকের ভূমিকা পালন করে এবং নিষ্ক্রিয় ছিল- এই অভিযোগ নাকচ করিয়া ডিএমপি কমিশনার বলেন, পুলিশ ঐ সময় দুষ্কৃতকারীদের হাত হইতে ঐ মহিলাকে রক্ষা করে।